বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD
ISO 9001, ISO 14001 & ISO 45001 Certified

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
ফরিদপুর জোন, ঝিলটুলি, ফরিদপুর
টেলিফোনঃ ০২-৪৭৮৮০২০০৬
Email:serebfaridpur@gmail.com

স্মারক নং-২৭.১২.২৯৪৭.১৮৮.৩১.০০২.২৪.৩৬৫ তারিখ ঃ ০৭-০১-২০২৫ খ্রিঃ

রিভার্স অসমোসিস (RO) পানির ফিল্টার সরবরাহ করার জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিল।

মেসার্স ....
....

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, ফরিদপুর জোন, বাপবিবো, ফরিদপুর-এর দপ্তরে ব্যবহারের জন্য রিভার্স অসমোসিস (RO) সুবিধাসম্পন্ন একটি পানির ফিল্টার (স্পেয়ার পার্টসসহ) ক্রয় ও স্থাপন এর জন্য সংযুক্ত স্পেসিফিকেশন অনুযায়ী "পানির ফিল্টার সরবরাহ ও স্থাপন" কাজের জন্য আগ্রহী দরদাতাগণের নিকট হতে প্রতিষ্ঠানের নিজস্ব লেটারহেড প্যাডে সীলমোহরকৃত কোটেশন আহবান করা যাচ্ছে।

কাজের বিবরণঃ

Sl No.	Item Description		Quantity	Unit Price (Including Vat-Tax)	Total Price (Including Vat-Tax)
01	**Water Purifier (RO+UV+MF)**		01 Nos		
	Specification				
	Purified Water Flow Rate (Average)	Approximately 12-15 Litre per hour			
	Membrane Type	Thin film composite spiral wound			
	Pump Type	Diaphragm pump 24V DC			
	% Recovery	Typically 25%			
	TDS Reduction	90% (Min)			
	Power Rating	60 Watts			
	Pressure Rating	10–30 PSI			
	Operating Voltage	100–240 Va.c 50 Hz			
	Material of Construction	Food grade, non-toxic, engineering grade plastics			
	Length of Power Adapter	1.5 metres			
	Total Dissolved Solids	Upto 2000 mg/lit			
	Total Hardness	500 mg/lit (max)			
	Iron in Input Water	0.3 mg/lit (max)			
	Turbidity of Input Water	1 NTU (Max)			
02	**Other Accessories (Booster Pump, Pipe etc)**		01 Lot		
03	**Installation & Service Charge**		01 Job		
	Spare Parts				
04	**Germ Kill Kit 1 (4000L)**		01 Nos		
05	**Germ Kill Kit 2 (8000L)**		01 Nos		
				Total Price =	

২। ইচ্ছুক দরপত্রদাতাগণ অফিস চলাকালে ক্রয়কারীর অফিসে অভীষ্ট কার্য ও ভৌতসেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন ও নকশা পরিদর্শন করতে পারবে।

৩। 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত ও দাখিল করতে হবে।

৪॥ কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা যথাযথভাবে তারিখসহ স্বাক্ষর করে নিম্নের ৬ অনুচ্ছেদে উল্লেখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করতে হবে।

৫॥ কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৬॥ সিলমোহরকৃত খাম, ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে ১৫/০১/২০২৫ খ্রিঃ বেলা ১২.০০ ঘটিকা বা এর পূর্বে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে রক্ষিত টেন্ডার বক্সে কোটেশন দাখিল করতে হবে। কোটেশন সংবলিত খামে **"পানির ফিল্টার সরবরাহ ও স্থাপন করার জন্য কোটেশন এবং ১৫/০১/২০২৫ খ্রিঃ বেলা ১২.০০ ঘটিকার পূর্বে খোলা যাবে না"** লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লেখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৭॥ পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১ (৪) এর উদ্দেশ্য পূরণকল্পে ক্রয়কারী কোটেশন আহ্বানের তারিখ হতে দাখিলের জন্য নির্ধারিত সময়সীমা যথাযথভাবে কারণ লিপিবদ্ধ করে যুক্তিসংগতভাবে অনধিক ১০ (দশ) দিন বৃদ্ধি করতে পারবে।

৮॥ কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ (ষাট) দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

৯॥ যদি চুক্তি সম্পাদন করা হয়, তাহলে উহাতে দরপত্রদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সকল ধরনের কর, শুল্ক ও আবগারি, ফি, লেভি এবং আইনের অধীন পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১০॥ দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এই চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় (একাউন্ট-পেয়ী চেক এর মাধ্যমে) করা হবে। দরপত্রদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, চুক্তিকালীন স্থির অঙ্কে থাকবে।

১১॥ দরপত্রদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। দরপত্রদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বরের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে। এগুলি ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।

১২॥ দাখিলকৃত কোটেশন ১৫/০১/২০২৫ খ্রিঃ বেলা ১২.৩০ ঘটিকায় দরদাতাগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। মূল্যায়ন কমিটি কোটেশনের সাথে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৩॥ উদ্ধৃত একক দর ও মূল্যের মধ্যে অসংগতি থাকিলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসংগতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণীত গাণিতিক সংশোধন গ্রহণে দরপত্রদাতা বাধ্য থাকবে।

১৪॥ ক্রয় আদেশ জারির তারিখ হতে ১০ দিনের মধ্যে পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।

১৫॥ সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও প্রযোজ্য ট্যাক্স কর্তণ করা হবে।

১৬॥ কর্তৃপক্ষ সর্বনিম্ন দরদাতাকে কার্যাদেশ দিতে বাধ্য নহে এবং যেকোন কারণ ব্যতিরেকে যে কোন কোটেশন/সকল কোটেশন গ্রহন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৭॥ দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলীতে উল্লেখ নেই এরুপ যেকোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

07.01.2025

মোঃ রবিউল ইসলাম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ.দা.)
ফরিদপুর জোন, বাপবিবো, ফরিদপুর।

অনুলিপি :-

১. প্রধান প্রকৌশলী (প্রকল্প), বাপবিবো, ঢাকা।
২. পরিচালক, অর্থ/হিসাব/সম্পত্তি ও লজিষ্টিক পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
৪. উপ-পরিচালক(বহিঃবিল), বাপবিবো, ঢাকা।
৫. নির্বাহী প্রকৌশলী(এসওডি), বাপবিবো, ফরিদপুর। (নোটিশ বোর্ড ও ওয়েবসাইট এ প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
৬. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/শিক্ষা প্রকৌশল, ফরিদপুর। (নোটিশ বোর্ড ও ওয়েবসাইট এ প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
৭. জেনারেল ম্যানেজার, ফরিদপুর পবিস। (নোটিশ বোর্ড ও ওয়েবসাইট এ প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
৮. অত্র কার্যালয়ের নোটিশ বোর্ড/ওয়েবসাইট।
৯. অফিস কপি।

০৭/০১/২০২৫

(মোঃ মফিজুল ইসলাম)
উপ-পরিচালক (কারিগরী)
তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়,
বাপবিবো, ফরিদপুর।

কোটেশন দাখিলপত্র

কোটেশন নম্বর : BREB/SEFRD-GCG-01/2024-25 তারিখ : ০৭/০১/২০২৫খ্রি.

প্রতি
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড,
ফরিদপুর জোন, ফরিদপুর।

আমি/আমরা, নিম্নস্বাক্ষরকারী, সংশ্লিষ্ট পণ্য ও সেবা সরবরাহের শর্তাবলি অনুসারে তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, ফরিদপুর জোন, বাপবিবো, ফরিদপুর এর দপ্তরে ব্যবহারের জন্য "পানির ফিল্টার সরবরাহ ও স্থাপন" কাজের জন্য দরপত্র প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য (টাকা): অংকেঃ
কথায়ঃ

আমার/আমাদের কোটেশন, কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিলে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা উহা মানতে বাধ্য থাকবো। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যেকোনো সময় ইহা গ্রহণ করা যাবে।

আমি/আমরা ঘোষণা করিতেছি যে, আমার/আমাদের আপনার সহিত চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হয়নি। এতদ্ব্যতীত, আমি/আমরা অনুচ্ছেদ-১৯ (বি) এ উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহণের প্রতিযোগিতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এই ধরনের কার্যে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ন নামে একটির অধিক কোটেশন দাখিল করি নাই। আমি/আমরা অবগত যে, আপনাদের জারীকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং উহা মানতে বাধ্য থাকবো।

আমি/আমরা ০৭/০১/২০২৫খ্রি. তারিখে আপনাদের জারীকৃত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিল (আরএফকিউ) পরীক্ষা করেছি এবং এই সম্পর্কে আমাদের কোনো আপত্তি নাই।

আমি/আমরা অবগত যে, আমার/আমাদের নিকট কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন বা ক্রয়কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ দরপত্রদাতার স্বাক্ষর
তারিখ :

পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফসিল

কোটেশন নম্বর : BREB/SEFRD-GCG-01/2024-25 তারিখ : ০৭/০১/২০২৫খ্রি.

ক্রমিক নম্বর	আইটেম নম্বর	আইটেমের বিবরণ	পরিমাপের একক	পরিমাণ	একক দর/মূল্য		মোট মূল্য	পণ্য সরবরাহের গন্তব্যস্থান
					অংকে	কথায়	অংকে/ কথায়	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
০১	-	Water Purifier (RO+UV+MF)	টি	০১				তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, বাপবিবো, ঝিলটুলি ফরিদপুর।
০২	-	Other Accessories (Booster Pump, Pipe etc)	লট	০১				
০৩	-	Installation & Service Charge	জব	০১				
০৪	-	Germ Kill Kit 1 (4000L)	টি	০১				
০৫	-	Germ Kill Kit 2 (8000L)	টি	০১				
					সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্সসহ)	অংকে		
						কথায়		

পণ্য প্রেরণের ঠিকানা :	তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, ফরিদপুর জোন, বাপবিবো, ঝিলটুলি, ফরিদপুর
মোট মূল্য: (টাকায়) (কথায়)	
প্রস্তাবিত সরবরাহ :	ক্রয় আদেশ জারির তারিখ হতে ১০ দিন।
প্রদত্ত ওয়ারেন্টি (warranty) :	

আমি/আমাদের দ্বারা এই মূল্য তফসিলের ----------------- টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করা হয়েছে। আমার/আমাদের প্রস্তাব .... পর্যন্ত বৈধ [কোটেশনের বৈধতার তারিখ লিখুন।]

সিলসহ দরপত্রদাতার স্বাক্ষর	
দরপত্রদাতার নাম :	তারিখ :

আবশ্যিক পণ্যের কারিগরি বিনির্দেশ

ক্রমিক নম্বর	আইটেম নম্বর	আইটেমের বিবরণ	পূর্ণাঙ্গ কারিগরি বিনির্দেশ এবং মান		উৎস দেশের নাম	প্রস্তুতকারক এবং মডেল (make and model)
১	২	৩	৪		৫	৬
০১	-	Water Purifier (RO+UV+MF)	Purified Water Flow Rate (Average)	Approximately 12-15 Litre per hour		
			Membrane Type	Thin film composite spiral wound		
			Pump Type	Diaphragm pump 24V DC		
			% Recovery	Typically 25%		
			TDS Reduction	90% (Min)		
			Power Rating	60 Watts		
			Pressure Rating	10–30 PSI		
			Operating Voltage	100–240 Va.c 50 Hz		
			Material of Construction	Food grade, non-toxic, engineering grade plastics		
			Length of Power Adapter	1.5 metres		
			Total Dissolved Solids	Upto 2000 mg/lit		
			Total Hardness	500 mg/lit (max)		
			Iron in Input Water	0.3 mg/lit (max)		
			Turbidity of Input Water	1 NTU (Max)		

আমি/আমরা ঘোষণা করছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উল্লিখিত কারিগরি বিনির্দেশ ও মান অনুযায়ী সরবরাহ করবো।

সিলসহ দরপত্রদাতার স্বাক্ষর	তারিখ :
দরপত্রদাতার নাম	

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
ISO 9001, ISO 14001 & ISO 45001 Certified
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
ফরিদপুর জোন, ঝিলটুলি, ফরিদপুর
টেলিফোনঃ ০২-৪৭৮৮০২০০৬
Email:serebfaridpur@gmail.com

পানির ফিল্টার সরবরাহ ও স্থাপন কাজের জন্য ক্রয় আদেশ

ক্রয় আদেশ নম্বর____________ তারিখ :

কোটেশন নম্বর : BREB/SEFRD-GCG-01/2024-25	তারিখ : ০৭/০১/২০২৫ খ্রি.
প্রতি : [সরবরাহকারীর নাম ও ঠিকানা]	
সরবরাহের তারিখ :	ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য :
সরবরাহ : শর্তানুযায়ী	

নিম্নে তালিকাবদ্ধ পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার .... তারিখের কোটেশন গ্রহণ করেছেন। পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহ কারিগরি বিনির্দেশ মোতাবেক পরিমাণ ও ইউনিটে সংযুক্ত শর্তাবলি অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

ক্রয়াদেশকৃত পণ্যসমূহ
সংশ্লিষ্ট পণ্য ও সেবার অনুমোদিত মূল্যসংবলিত বিবরণের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। আবশ্যিক পণ্যের অনুমোদিত কারিগরি বিনির্দেশের (পূর্ণাঙ্গ বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। শর্তাবলির সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।
ক্রেতার জন্য : নাম ও পদবিসহ ক্রয়কারীর স্বাক্ষর
তারিখ :

সংযুক্তিসমূহ : উপরিউক্ত বর্ণনা মোতাবেক

পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলি

১। চুক্তির পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য এইখানে বর্ণিত শর্তাবলি ক্রয়কারী ও সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২। এই শর্তাবলির প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধানাবলি প্রযোজ্য হবে।

৩। ক্রয় আদেশ জারি হওয়ার ১০ দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলি অনুযায়ী সার্বিকভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।

৪। ক্রয়কারী পণ্য ও সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করলে অথবা কোনো দৈব দুর্ঘটনা সংঘটিত হলে অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসংগত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের জন্য বর্ধিত সময় প্রাপ্তির অধিকার থাকবে।

৫। চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যেকোনো সময় ক্রয়কারী বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬। ক্রয়কারী কারিগরি বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ক্রটি পাওয়া গেলে সরবরাহকারীকে অবহিত করবে।

৭। যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, তাহা হইলে ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮। সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরূপ অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯। অন্য কোথাও যা কিছুই থাকুক না কেন, মূল্য তফসিল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটি পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে। সরবরাহের চালান জমা ও গ্রহণের পর পণ্য ও সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০। সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি ও প্রযোজ্য আইনের অধীন অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১। মোট চুক্তি-মূল্য **অংকেঃ**
কথায়ঃ

১২। সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধ্যমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ .... ।

১৩। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪। সরবরাহকারী পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তাহার নিজের, তাহার শ্রমিক বা কর্মচারী বা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোনো কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন বা সম্পত্তির ক্ষতিপূরণ হতে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি হতে দায়মুক্ত রাখবে।

১৫। পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিষ্পত্তি করবে।

১৬। ওয়ারেন্টি (Warranty) সময়সীমার মধ্যে সরবরাহ ও সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে তা সংশোধন করবে।

১৭। কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি ও সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নহে।

১৮। ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলির সংশোধন করতে পারবে।

১৯। ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যেকোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারবে, যদি সরবরাহকারী—

(ক) সরবরাহের তফসিলের সময় ও বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) অনুযায়ী পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়;

(খ) পণ্য ও সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোনো কর্মকান্ডে জড়িত থাকে; এবং

(গ) চুক্তির অধীন অন্য কোনো বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হয়।

২০। এই চুক্তি বা উহার ব্যাখ্যা হতে উদ্ভূত, বা তৎসম্পর্কে সম্ভাব্য সকল বিরোধ সমঝোতার মাধ্যমে আপস-মীমাংসার জন্য ক্রয়কারী ও সরবরাহকারী সর্বোচ্চ প্রচেষ্টা করবে।

২১। পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা ৬৪ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ১২৭ অনুসারে দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

ক্রেতার জন্য: নাম এবং পদবিসহ ক্রয়কারীর স্বাক্ষর	সরবরাহকারীর জন্য: নাম এবং পদবিসহ সরবরাহকারীর স্বাক্ষর
তারিখ : 07.01.2025	তারিখ:

মোঃ রবিউল ইসলাম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
ফরিদপুর জোন, বাপাউবো, ফরিদপুর